**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 14-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-SHAKTIPITH PARK :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উদয়পুরের বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক-এর গতকাল ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই পার্কে থাকবে ৫১টি শক্তিপীঠের প্রতিরূপ। পর্যটন দপ্তরের তত্বাবধানে এই পার্কটি নির্মানে ব্যয় হবে প্রায় ৯৭ কোটি ৭০ লক্ষ টাকা।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিকনির্দেশনা ও অনুপ্রেরণায় বনদুয়ারে ৫১ শক্তিপীঠ পার্ক স্থাপিত হবে | এজন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে মুখ্যমন্ত্রী ধন্যবাদ জানান। একজন মানুষের পক্ষে পুরো জীবনে সতীর ৫১টি শক্তিপীঠ দর্শন করা সম্ভব নয়। কিন্তু উদয়পুরের বনদুয়ারে এলে তা সম্ভব হবে। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন, একদিন ৫১ শক্তিপীঠ পার্কের জন্য বনদুয়ারের নাম সারা দেশের সঙ্গে বিশ্বেও ছড়িয়ে পড়বে।

*********** CM BYTE *************

*********************

**President visit- Odisha :**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ ও আগামীকাল ১৪ এবং ১৫ জুলাই ওড়িশার ভুবনেশ্বর এবং কটক সফর করবেন। তিনি আজ অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ

মেডিকেল সায়েন্সেস (এআইআইএমএস) ভুবনেশ্বরের পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন। আগামীকাল রাষ্ট্রপতি র‍্যাভেনশ বিশ্ববিদ্যালয়ের ১৩তম বার্ষিক সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন এবং কটকে র‍্যাভেনশ গার্লস হাই স্কুলের তিনটি ভবনের পুনর্নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি আদিকবি সরলা দাসের জন্মবার্ষিকী উদযাপনে যোগ দেবেন এবং কটকে কলিঙ্গ রত্ন পুরস্কার-২০২৪ প্রদান করবেন।

*******************

**Fit India-Dr.Mandavia:**

গুজরাটের গান্ধীনগরে ৫00 জনেরও বেশি অংশগ্রহণকারীর একটি দলের নেতৃত্বে ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেলের  ৩১তম সংস্করণ গতকাল সফলভাবে দেশব্যাপী অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডা. মনসুখ মন্ডভিয়া এতে অংশগ্রহন করেন | পাবলিক সেক্টর আন্ডারটেকিংস (পিএসইউ) এর সাথে যৌথভাবে এই সপ্তাহে আয়োজিত এই প্যান-ইন্ডিয়া সাইক্লিং ড্রাইভে দেশজুড়ে ৭000-এরও বেশি স্থান থেকে আগ্রহী মানুষ অংশগ্রহণ করেছেন, যা "ফিটনেস কি ডোজ, আধা ঘন্টা রোজ" বার্তাকে আরও জোরদার করেছে। অংশগ্রহণে ৩000 নমো ফিট ইন্ডিয়া সাইক্লিং ক্লাবের সদস্যরা ছিলেন।ডঃ মান্ডভিয়া জানান “ফিট ইন্ডিয়া ‘সানডেস অন সাইকেল’ এখন একটি শক্তিশালী দেশব্যাপী উদ্যোগে পরিণত হয়েছে, যা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ফিট ইন্ডিয়া মিশনকে পূর্ণ শক্তিতে এগিয়ে নিয়ে যাচ্ছে। তা সত্যিই কেবল ফিটনেস সম্পর্কে নয় বরং জাতীয় রূপান্তরণ সম্পর্কেও এমন একটি ধারাবাহিকতায় পরিণত হয়েছে |

********************

**Rail :**

যাত্রীদের নিরাপত্তা বাড়াতে সমস্ত কোচে সিসিটিভি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নিয়েছে ভারতীয় রেল। কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণও এবং রেল প্রতিমন্ত্রী রবনীত সিং বিট্টু লোকোমোটিভ এবং কোচে সিসিটিভি ক্যামেরা স্থাপনের অগ্রগতি পর্যালোচনা করেছেন। কোচের সাধারণ চলাচলের এলাকায় ক্যামেরা লাগানোর উদ্দেশ্য হল যাত্রীদের নিরাপত্তা উন্নত করা। এসব ক্যামেরা দুর্বৃত্ত শনাক্ত করতে সাহায্য করবে। যাত্রীদের গোপনীয়তা রক্ষার জন্য দরজার কাছে সাধারণ চলাচলের এলাকায় সিসিটিভি ক্যামেরা বসানো হবে। শ্রী বৈষ্ণও সমস্ত ৭৪ হাজার কোচ এবং ১৫ হাজার লোকোতে সিসিটিভি ক্যামেরা স্থাপনের অনুমোদন দিয়েছেন।

*******************

**Minister Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় বাল্যবিবাহ সহ সামাজিক ব্যাধির বিরুদ্ধে ও নেশামুক্ত সমাজ গঠনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন | গতকাল বি.জে.পি'র ডক্টরস সেল এর উদ্যোগে কৈলাশহরের কাউলীকুড়ায় এক মেগা স্বাস্থ্য শিবিরে উদ্বোধনী ভাষণে তিনি এই আহ্ববান জানান | তিনি বলেন, HIV/AIDS -এর সংক্রমণ প্রতিরোধে সাবধানতা ও সচেতনতা জরুরি | স্বাস্থ্য শিবিরে ১৭১ জন বিনামূল্যে চিকিৎসা পরিষেবা গ্ৰহন করেছেন।

********************

**Malaria :**

স্টেট ম্যালেরিয়া প্রোগ্রাম অফিসার ডক্টর অভিজিৎ দাস আকাশবাণীর প্রতিনিধিকে গতকাল জানিয়েছেন, রাজ্যকে ম্যালেরিয়া মুক্ত করতে নিরন্তন কাজ করে যাচ্ছেন চিকিৎসক সহ স্বাস্থ্যকর্মীরা। রাজ্যে গত বছরের তুলনায় এ বছর ম্যালেরিয়া আক্রান্তের সংখ্যা হ্রাস পেয়েছে | গত বছর জুন মাস পর্যন্ত রাজ্যে ম্যালেরিয়া আক্রান্ত রোগীর সংখ্যা ছিল ৫৯২৪ জন। এবছর এখন পর্যন্ত আক্রান্তের সংখ্যা ৩ হাজার ৭১৫ জন। আক্রান্তদের ৮০ শতাংশের বেশি ধলাই জেলার বলেও তিনি জানান |

*********************

**Legal Services Camp :**

সিপাহীজলা জেলার চড়িলাম ব্লকের অধীন সুতারমুড়া এডিসি ভিলেজের সুতারমুড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে গতকাল অনুষ্ঠিত হয়েছে এক মেগা আইনি পরিষেবা শিবির। সাধারণ প্রশাসনের সহায়তায় বিশালগড় মহকুমা আইন সেবা কমিটি কতৃক আয়োজিত এই শিবির থেকে বিভিন্ন সরকারি পরিষেবা ও শংসাপত্র গ্রহণ করেন স্থানীয় মানুষ। তাছাড়া, বাল্যবিবাহ ,গার্হস্থ্য হিংসা ও পক্সো আইন বিষয়ে সচেতনতামূলক আলোচনা অনুষ্ঠিত হয়। প্রাকৃতিক দুর্যোক মোকাবিলা বিষয়ে শিবিরে উপস্থিত লোকজনকে সচেতন করেন এন.ডি.আর.এফ বাহিণী ।

********************

**LORDS TEST :**

লর্ডসের তৃতীয় টেস্টে ইংল্যান্ড ও ভারতের লড়াই আকর্ষণীয় অবস্থায় রয়েছে। চতুর্থ দিনে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে স্বাগতিক ইংল্যান্ড সবকটি উইকেট হারিয়ে ১৯২ রান সংগ্রহ করে। জবাবে ভারত দ্বিতীয় ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৫৮ রান করে। এর আগে ইংল্যান্ডের প্রথম ইনিংসের ৩৮৭ রানের জবাবে ভারতও প্রথম ইনিংসে ৩৮৭ রান করেছিল।

********************

**RAKHAL SHIELD :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতায় ফরোয়ার্ড ক্লাব সেমিফাইনালে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ফরোয়ার্ড ক্লাব ২-0 গোলে এগিয়ে চলো সংঘকে হারিয়ে দেয়।

********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রির কাছাকাছি। আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় আগরতলা ও তার আশেপাশে বৃষ্টি হয়েছে ৭ মিলিমিটার।

********************

*******************